

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।

স্মারক নং- প/কালী/লাল/২০২১-

তারিখ:- ০৮-০৭-২০২১।

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির জুলাই/২০২১ মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব কমল কৃষ্ণ সরকার
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, কালীগঞ্জ, লালমনিরহাট।

সভার তারিখ : ০৮/০৭/২০২১।

সময় : বেলা- ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

অনুপস্থিতি : পরিশিষ্ট 'খ'

আলোচ্যসূচি : ১। ২০২১-২০২২ অর্থ বছরের বিশেষ বার্ষিক উন্নয়ন কর্মসূচি হতে বরাদ্দ প্রাপ্তি ও প্রকল্প গ্রহণ প্রসঙ্গে।
২। ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক পরিকল্পনায় যোগাযোগ খাতের প্রকল্প প্রদান প্রসঙ্গে।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন।

সভায় ২০২১-২০২২ অর্থ বছরের অপ্রত্যাশিত খাত ও প্রাকৃতিক ও দূর্যোগ উপখাত থেকে লালমনিরহাট জেলাধীন কালীগঞ্জ উপজেলায় ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। তিনি বলেন গত বছর বন্যায় উপজেলার অনেক সড়ক ক্ষতিগ্রস্ত হয়েছে। তিনি এই অর্থে উপজেলার সড়কগুলো সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ক্ষতিগ্রস্ত সড়কগুলোর তালিকা ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে। এছাড়া তুষভাঙ্গার ইউনিয়নের ক্যাপ্টেন মোড় হতে আমিনগঞ্জ যাওয়া পর্যন্ত রাস্তাটির পাকা ধসে যাওয়ার কারণে মাননীয় সমাজকল্যাণ মন্ত্রী মহোদয়ের নির্দেশক্রমে সংস্কারের জন্য দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং অতিশীঘ্রই তা বাস্তবায়ন করা হবে।

চেয়ারম্যান, ৩নং তুষভাঙ্গার ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট এর প্রস্তাবের ভিত্তিতে তুষভাঙ্গার হতে চাপারহাটগামী রাস্তায় অতিবৃষ্টির কারণে বিভিন্ন জায়গায় পানি জমে ভেঙ্গে যাওয়ার কারণে সংস্কার/মেরামত করা একান্ত প্রয়োজন হেতু সভায় বিস্তারিত আলোচনা করেন।

পরিশেষে সভাপতি তার সমাপনী বক্তব্যে সুনির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহণের জন্য উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানান। তিনি দাপ্তরিক কার্যক্রমে নজরদারি অব্যাহত রাখাসহ সুনির্দিষ্ট কারণ ছাড়া একাধিক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকাসহ নিষ্ঠার সাথে কাজ করার জন্য অনুরোধ জানান।

তৎপর সভায় আর অন্য কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(কমল কৃষ্ণ সরকার)

তারিখ:- ০৮-০৭-২০২১

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

ও

সভাপতি

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি
কালীগঞ্জ, লালমনিরহাট।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।

স্মারক নং- প/কালী/লাল/২০২১- ৭৬

তারিখ:- ০৮-০৭-২০২১।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।
- ৩। উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
- ৪। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
- ৫। চেয়ারম্যান ----- (সকল) ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট।
- ৬। সংশ্লিষ্ট নথি।


(আবু তৈয়ব মো: শামসুজ্জামান)
উপজেলা প্রকৌশলী
ও
সদস্য সচিব
উপজেলা যোগাযোগ ও ভৌত
অবকাঠামো উন্নয়ন কমিটি
কালীগঞ্জ, লালমনিরহাট।

পরিশিষ্ট “ক” উপস্থিতি সদস্য স্বাক্ষরের ক্রমানুযায়ী (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রমিক নং	নাম ও পদবি	কমিটিতে পদবি
০১	জনাব কমল কৃষ্ণ সরকার, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট	সভাপতি
০২	চেয়ারম্যান, মদাতী ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট	সদস্য
০৩	চেয়ারম্যান, চন্দ্রপুর ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট	সদস্য
০৪	জনাব মো: ফেরদৌস আহমেদ, উপজেলা প্রকল্প ও বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট	সদস্য
০৫	উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট	সদস্য সচিব